দিন যায়

দিন যায়--শুধু দিন যায়--
কোনমতে বেঁচে থাকা -- টিঁকে থাকা,শুধু এই গ্ল
ব্যর্থতায়;
চারপাশে জমে ওঠে ক্লেদ আর গ্লানি;
ইতর কটূক্তি, নিন্দা, ঈর্ষা, ঘৃণা, ধূর্ত -শয়তানি
স্তূপীকৃত আবর্জনা গড়ে তোলে -- দুর্গন্ধ ছড়ায়।

দিন যায় -- শুধু দিন যায় --
হে সময়, কঠিন সময়, তুমি কি পারো না
এই পুঞ্জীভূত হিম, স্তব্ধ, কালো আবর্তের
গভীর -- গভীরতর আশাহীনতায়
জ্বেলে দিতে একটি প্রদীপ শুধু অনির্বাণ ধ্রুব
নক্ষত্রের।

---

শরৎকালের কবিতা

আবার শরৎকাল ফিরে এল;
ফিরে এল শিউলির গন্ধমাখা ভোরের বাতাস;
কোথায় সে দিন আজ,যখন অচেনা সুরে
কেঁপে যেতো হিমে ভেজা ঘাস।

যে চোখে স্বপ্ন ছিল; কবিতার ম্লান সৌরভ
ঘিরে থাকত রাত্রিদিন;একদিন ঠিক,
মাটি আর ফসলের মাঝখানে বসে
নিজেকেও মনে হত তাদের শরিক!

কোথায় সে দিন আজ, পাথরের কত নিচে, ফসলের
মত
প্রোথিত করছে তাকে কঠিন সময়?
এ শুধু ক্ষয়ের দিন -- পচে যাওয়া, নিঃশব্দে;
কাছে, দূরে শুধু অবক্ষয়।

---

যাকে ভালোবাসতাম

যাকে ভালবাসতাম, কোনদিন, সে তো তুমি নও;
অনুভূতি শূন্য ওই কৃত্রিম হাসি - আর দুচোখে কুটিল
মায়াবী কাজল রঙ-করা পাংশু ঠোঁট; কে চেনে তোম
াকে?
ভালবাসতাম যাকে, তার সাথে নেই কোন মিল!

সে ছিল কিশোরী এক - নিষ্পাপ, সহজ, সরল
লেবুর পাতার স্নিগ্ধ গন্ধমাখা সবুজ আলোয়,
বৃষ্টিভেজা ঘাসে, ঝরা শিউলি কুড়াতো ভোরবেলা,
বিষণ্ণ নদীর মতো, ছায়াম্লান ছিল তার জল;
সময়ের কালো স্রোতে ভেসে গেছে সে স্বপ্নের ভেল
া!!

নির্ঝর সেন